

“ছেলে হোক, মেয়ে হোক
দুটি সন্তানই যথেষ্ট”

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা পরিবার পরিকল্পনা অফিস
মির্জাগঞ্জ, পটুয়াখালী।
www.fpo.mirzaganj.patuaakhali.gov.bd



স্মারক নম্বর-উপপ/মির্জা/২০২৩-

বিষয় : **কারণ ব্যাখ্যা প্রসঙ্গে।**

তারিখ : ২০/০৩/২০২৩ খ্রিষ্টাব্দ

বর্ণিত বিষয়ে আপনার অবগতির জন্য জানানো যাচ্ছে যে, গত ১৫/০৩/২০২৩খ্রিঃ তারিখ সহকারী পরিচালক, পরিবার পরিকল্পনা, পটুয়াখালী মহোদয় আপনার পরিবার কল্যাণ সহকারী রেজিষ্টার যাচাই করেন। যাচাই কালে নিম্নবর্ণিত অসঙ্গতি/ত্রুটি পরিলক্ষিত হয়:

- আপনার পরিবার কল্যাণ সহকারী রেজিষ্টারে জানুয়ারী/২৩ খ্রিষ্টাব্দ এবং ফেব্রুয়ারী/২০২৩ খ্রিষ্টাব্দ মাসের জনসংখ্যা হিসাব ছক পূরণ করা হয়নি। আপনার ইউনিটের সকল জনসংখ্যা হিসাব ছক শূণ্য পূরণ করা হয়।
- ফেব্রুয়ারী/২০২৩ খ্রিষ্টাব্দ মাসের আপনার এমআইএস-১ প্রতিবেদন পর্যালোচনায় দেখা যায় চলতি মাসে (ফেব্রুয়ারী/২৩ খ্রিষ্টাব্দ) মাসে গর্ভবতীর সংখ্যা ০৬। কিন্তু পরিবার কল্যাণ সহকারী রেজিষ্টার (৯ম) সংস্করণ অনুযায়ী আপনার ফেব্রুয়ারী/২৩ খ্রিষ্টাব্দ মাসের পরিদর্শনকৃত সকল দম্পতির তথ্য পর্যালোচনা করে দেখা যায় যে, গর্ভবতী মাত্র ০১ জন।
- গত ০২/০২/২০২৩ খ্রিষ্টাব্দ এবং ০৩/০২/২০২৩ খ্রিষ্টাব্দ এই দুই দিনের আপনার কর্মএলাকার দম্পতি পরিদর্শন ছক টালি করে দেখা যায় যে, দৈনন্দিন কার্যাবলীর হিসাব ছকে পদ্ধতি গ্রহন সংক্রান্ত তথ্যের গড়মিল।
- গত ১৭/০২/২০২৩ খ্রিষ্টাব্দ তারিখ শুক্রবার সাপ্তাহিক ছুটি এবং ২১/০২/২০২৩ খ্রিষ্টাব্দ তারিখ সরকারী ছুটি থাকার পরও আপনি কাজ করা দেখিয়েছেন।

বর্ণিত কর্মকান্ড আপনার বিভাগীয় দায়িত্ব পালনে চরম অবহেলা ও শৈথিল্য প্রদর্শনের সামিল। তাছাড়া আপনাকে দিয়ে অত্র বিভাগের কার্যক্রম পরিচালনা করা সম্ভব না মর্মে সহকারী পরিচালক, পরিবার পরিকল্পনা, পটুয়াখালী মহোদয় তার পরিদর্শন প্রতিবেদনে উল্লেখ করেছেন।

এমতাবস্থায়, আপনার বিভাগীয় দায়িত্ব কর্তব্য পালনে চরম অবহেলা, শৈথিল্য সহ উপরোক্ত নেতিবাচক কর্মকাণ্ডের কারণে কেন আপনার বিরুদ্ধে সরকারী কর্মচারী শৃঙ্খলা ও আপীল বিধিমালা-২০১৮ মোতাবেক বিভাগীয় শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণের জন্য উর্দ্ধতন কর্তৃপক্ষ সমীপে সুপারিশ করা হবে না তার সন্তোষজনক জবাব অত্র পত্র প্রাপ্তির ০৫(পাঁচ) কর্মদিবসের মধ্যে নিম্নস্বাক্ষরকারী বরাবরে দাখিল করার জন্য নির্দেশ প্রদান করা হল।

জনাব শিরিনা নাসরীন
পরিবার কল্যাণ সহকারী
৩/ক ইউনিট, মজিদবাড়িয়া ইউনিয়ন
মির্জাগঞ্জ, পটুয়াখালী।

শ্রী.
(মোঃ শফিকুল ইসলাম)
বিসিএস (পরিবার পরিকল্পনা)
উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা (অ: দা:)
মির্জাগঞ্জ, পটুয়াখালী।

স্মারক নম্বর-উপপ/মির্জা/২০২৩-২০৫/৩ (৬)

অনুলিপি সদয় অবগতি / অবগতির জন্য (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

তারিখ : ২০/০৩/২০২৩ খ্রিষ্টাব্দ

- ০১। পরিচালক, পরিবার পরিকল্পনা, বরিশাল বিভাগ, বরিশাল।
- ০২। উপপরিচালক, পরিবার পরিকল্পনা, পটুয়াখালী।
- ০৩। সহকারী পরিচালক, পরিবার পরিকল্পনা, পটুয়াখালী।
- ০৪। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, মির্জাগঞ্জ, পটুয়াখালী।
- ০৫। উপজেলা নির্বাহী অফিসার, মির্জাগঞ্জ, পটুয়াখালী।
- ০৬। চেয়ারম্যান, মির্জাগঞ্জ ইউনিয়ন পরিষদ, মির্জাগঞ্জ, পটুয়াখালী।
- ০৭। সহকারী উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা / সহকারী পরিবার কল্যাণ কর্মকর্তা (এমসিএইচ-এফপি), মির্জাগঞ্জ, পটুয়াখালী।
- ০৮। পরিবার পরিকল্পনা পরিদর্শক, মজিদবাড়িয়া ইউনিয়ন, মির্জাগঞ্জ, পটুয়াখালী।

(মোঃ শফিকুল ইসলাম)
বিসিএস (পরিবার পরিকল্পনা)
উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা (অ: দা:)
মির্জাগঞ্জ, পটুয়াখালী।
ফোন : ০৪৪২৬-৭৫২৪২

E-mail : ufpomirzaganj@dgfp.gov.bd